# গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট

## আনুষ্ঠানিক পরামর্শের জন্য প্রস্তাবনা

### প্রশ্নমালা

পরামর্শটি এই সময়কাল চলবে

**19 মে 2026** থেকে **11 আগস্ট 2026**

LFB
LONDON FIRE BRIGADE

# বিষয়বস্তু

ভূমিকা 1

আপনার সম্পর্কে 2

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনা 3

প্রোজেক্টের প্রস্তাবনা 1: গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট অনুদান কর্মসূচি 5

প্রোজেক্টের প্রস্তাবনা 2: পাঁচ বছর মেয়াদী আবাসিক ও দিবাকালীন কার্যক্রম কর্মসূচি 9

প্রোজেক্টের প্রস্তাবনা 3: অগ্নি নিরাপত্তা প্রশিক্ষণ এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচি 10

প্রোজেক্টের প্রস্তাবনা 4: ভবিষ্যতে মর্মান্তিক ঘটনা হ্রাস করা 12

প্রোজেক্টের প্রস্তাবনা 5: সম্ভাব্যতা সমীক্ষা 13

প্রোজেক্টের অর্থায়ন বরাদ্দকরণ 14

অতিরিক্ত মতামত 15

সমতার উপর নজরদারী 18

# ভূমিকা

## এই পরামর্শ সভায় সময় দিয়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে ধন্যবাদ।

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের মাধ্যমে লন্ডন ফায়ার ব্রিগেড (LFB) গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ডে নিহত 72 জনের স্মরণে একটি অর্থবহ ও দীর্ঘস্থায়ী ঐতিহ্য তৈরির পাশাপাশি কমিউনিটির সম্মিলিত শোক কাটিয়ে ওঠা ও পুনরুদ্ধারে সহায়তা করতে চায়।

এই প্রকল্পটি একটি দেওয়ানি নিষ্পত্তি চুক্তির অধীনে পুনরুদ্ধারমূলক বিচার প্রক্রিয়ার প্রতি লন্ডন ফায়ার ব্রিগেডের অঙ্গীকারের একটি অংশ, যা গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের ফলে নিহতদের পরিবার, বেঁচে ফেরা ব্যক্তিরা এবং নর্থ কেনসিংটন ও গ্রেনফেল কমিউনিটির উপর সৃষ্ট প্রভাবকে স্বীকৃতি দেয়। এর লক্ষ্য হলো স্বতঃপ্রণোদিত হয়ে আস্থা পুনর্নির্মাণ করা এবং সম্পর্ক মেরামত করা।

এই পরামর্শ প্রক্রিয়াটি 2023 সালের দেওয়ানি নিষ্পত্তি চুক্তির একটি আবশ্যিক শর্ত এবং এটি LFB-র এই অঙ্গীকারকে প্রতিফলিত করে যে, মেমোরি প্রোজেক্টের উদ্যোগগুলোর পরিধি ও উন্নয়নের বিষয়ে গ্রেনফেল কমিউনিটির সাথে অবশ্যই পূর্ণাঙ্গভাবে পরামর্শ করতে হবে, কারণ প্রকল্পটির সাফল্যের জন্য স্থানীয় জনগণের সম্পৃক্ততা ও সমর্থন অপরিহার্য।

এই প্রশ্নমালায় বর্ণিত গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলো নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্য, বেঁচে ফেরা ব্যক্তিরা এবং বাসিন্দা সহ বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) দাবিদারদের সাথে ব্যাপক আলোচনার মাধ্যমে তৈরি করা হয়েছে।

গত বছর প্রাক-পরামর্শ সম্পৃক্ততায় মোট 329 জন অংশগ্রহণ করেছিলেন। তাদের মতামত একটি স্বাধীন প্রাক-পরামর্শ সম্পৃক্ততা রিপোর্টে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হয়েছিল, যা গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলোর প্রণয়নে সহায়ক হয়েছে। আমরা এখন নর্থ কেনসিংটন এবং গ্রেনফেল কমিউনিটির (নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্য, বেঁচে ফেরা ব্যক্তি, বাসিন্দা এবং বন্ধুবান্ধবসহ) কাছ থেকে এই প্রস্তাবগুলোর বিষয়ে মতামত জানতে চাইছি।

গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ড নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্য, বেঁচে ফেরা ব্যক্তি, স্থানীয় বাসিন্দা এবং বৃহত্তর নর্থ কেনসিংটন কমিউনিটির উপর এক গভীর ও মর্মান্তিক প্রভাব ফেলেছে। সময় গড়িয়ে গেলেও এর প্রভাব এখনও অনুভূত হচ্ছে — শুধু সরাসরি ক্ষতিগ্রস্তরাই নয়, বরং সেই মর্মান্তিক ঘটনার পর এলাকায় এসে বসবাস শুরু করা নতুন বাসিন্দা ও অন্যরাও তাও অনুভব করছেন।

এই পরামর্শের উদ্দেশ্য হলো:

- আপনি এই প্রস্তাবনাগুলো সমর্থন করেন কিনা তা বোঝা।
- সেগুলির মধ্যে আপনার পছন্দের বিষয়গুলো বা আপনার উদ্বেগগুলো চিহ্নিত করা।
- কী পরিবর্তন, উন্নতি বা পুনর্বিবেচনা করা প্রয়োজন, সে বিষয়ে পরামর্শ সংগ্রহ করা।

মোট উপলব্ধ তহবিল হল **£8.25 মিলিয়ন** যা **5 বছর** ধরে ব্যয় করার প্রস্তাব রাখা হয়েছে।

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

## প্র1: আপনার সম্পর্কে

গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ডের সাথে আপনার কী সম্পর্ক, অনুগ্রহ করে আমাদের জানান:

- ◯ নিহত ব্যক্তির একজন ঘনিষ্ঠ পরিবারের সদস্য (যেমন স্বামী বা স্ত্রী অথবা জীবনসঙ্গী; আব্বা বা আম্মা; সন্তান; ভাই বা বোন; দাদা বা দাদী; নাতি বা নাতনি অথবা পরিবার কর্তৃক মনোনীত আত্মীয়)।
- ◯ নিহত ব্যক্তির বৃহত্তর পরিবারের অন্যান্য সদস্য (যেমন খালা/চাচা, তুতো ভাইবোন, বন্ধু-বান্ধব)।
- ◯ বেঁচে ফেরা ব্যক্তি বা গ্রেনফেল টাওয়ারের প্রাক্তন বাসিন্দা।
- ◯ গ্রেনফেল ওয়াকের বেঁচে ফেরা ব্যক্তি ও প্রাক্তন বাসিন্দারা।
- ◯ কমিউনিটির বাসিন্দা/সদস্য।
- ◯ ঘনিষ্ঠ পরিবারের সদস্য বা বেঁচে ফেরা ব্যক্তিদের আইনজীবী।
- ◯ অন্যান্য (অনুগ্রহ করে উল্লেখ করুন)

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

## গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলি

আমাদের প্রাক-পরামর্শ সম্পৃক্ততার ভিত্তিতে, আমরা তিনটি ধারাবিশিষ্ট একটি পাঁচ-বছর মেয়াদী অনুদান কর্মসূচি এবং আরও চারটি প্রোজেক্টের প্রস্তাব পেশ করছি।

নিচের সারণিতে এগুলোর নিজ নিজ প্রস্তাবিত তহবিল বরাদ্দসহ বিশদভাবে উল্লেখ করা হলো।

| গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলি | বরাদ্দ তহবিল |
|---|---|
| **1** **পাঁচ বছর মেয়াদী গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট অনুদান কর্মসূচি, যা নিম্নলিখিত তিনটি পৃথক ধারাকে অন্তর্ভুক্ত করে:**<br><br>**A. ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদান – 5 বছর ধরে £3 মিলিয়ন**<br>নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্যের জন্য।<br><br>**B. গ্রেনফেল দ্বারা প্রভাবিত তরুণ-তরুণীদের জন্য অনুদান – 5 বছর ধরে £1 মিলিয়ন**<br>নিম্নলিখিত শর্তগুলোর মধ্যে যে কোনো একটি পূরণ করলে তরুণ-তরুণীরা আবেদন করার যোগ্য হতে পারেন:<br>**a)** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সময় যাদের বয়স ছিল 16–25 বছর এবং অগ্নিকাণ্ডের তারিখে যারা নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ ছিলেন;<br>অথবা<br>**b)** প্রকল্পটি বাস্তবায়নের সময় 30 বছর বা তার কম বয়সী, অতিরিক্ত চাহিদা* সম্পন্ন এবং নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির বাসিন্দা তরুণ-তরুণী। (*অতিরিক্ত চাহিদার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিবন্ধকতা নিয়ে বসবাস করা, সামাজিক বা ব্যক্তিগত চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া, অথবা সমস্যার মধ্য দিয়ে যাওয়া।<br><br>**C. কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদান – 5 বছর ধরে £1 মিলিয়ন**<br>গ্রেনফেলের ঘটনায় অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীগুলোকে সহায়তা প্রদানকারী সংস্থাগুলি এবং গ্রেনফেল বার্ষিকী উপলক্ষে তৃণমূল পর্যায়ের কার্যক্রমের জন্য অর্থায়ন। | **5 বছরে £5 মিলিয়ন (মোট)** |
| **2** **পাঁচ বছর মেয়াদী আবাসিক ও দিবাকালীন কার্যক্রম কর্মসূচি**<br>প্রোজেক্ট বাস্তবায়নের সময় 11–15 বছর বয়সী এবং নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ এমন তরুণ-তরুণীদের ব্যক্তিগত বিকাশ, আত্মবিশ্বাস এবং জীবন দক্ষতা অর্জনে সহায়তা করা। প্রাসঙ্গিক অভিজ্ঞতাসম্পন্ন স্থানীয় সংস্থাগুলোর একটি কনসোর্টিয়াম দ্বারা এটি পরিকল্পনা ও বাস্তবায়ন করা হবে। | **5 বছরে £1.5 মিলিয়ন** |

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

| গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলি | বরাদ্দ তহবিল |
| --- | --- |
| 3 **নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার যেসব মানুষ অগ্নিনিরাপত্তা বিষয়ক পেশায় আগ্রহী, তাঁদের সহায়তা প্রদানের লক্ষ্যে একটি পাঁচ বছরব্যাপী প্রচার কর্মসূচি। সচেতনতা ও সুযোগ প্রসারের জন্য এটি একটি বার্ষিক কর্মসূচি হবে, যেখানে নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক কর্মশালার আয়োজন করা হবে এবং প্রাসঙ্গিক অগ্নি নিরাপত্তা যোগ্যতার জন্য অর্থায়ন করা হবে।**<br><br>এই প্রচারমূলক কার্যক্রমগুলোর লক্ষ্য হলো অগ্নি সুরক্ষায় কর্মজীবনের সুযোগ বৃদ্ধি এবং তা অর্জনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং তথ্য, নির্দেশনা ও সহায়তা প্রদান করা। প্রতি বছর 12 জন ব্যক্তি লন্ডন ফায়ার ব্রিগেডের অভিজ্ঞ সুরক্ষা বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত ধারাবাহিক কর্মশালায় (ছয়টি) অংশগ্রহণ করতে পারবেন।<br><br>কর্মশালার সেশনগুলো বাইরে থেকে আসা প্রশিক্ষণ প্রদানকারীদের দ্বারা পরিচালিত লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেটের জন্য আবেদন করতে ব্যবহারিক পরামর্শ, কর্মজীবনের অন্তর্দৃষ্টি এবং সহায়তা প্রদান করবে। এছাড়াও এই সেশনগুলো লন্ডন ফায়ার ব্রিগেড এবং অন্যান্য সংস্থাতে এন্ট্রি লেভেলের অগ্নি নিরাপত্তা পদে আবেদনের জন্য সহায়তা ও পরামর্শও প্রদান করবে।<br><br>এই সহায়তার খরচ এবং লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেট যোগ্যতার ব্যয় গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট থেকে সম্পূর্ণরূপে অর্থায়ন করা হবে।<br><br>আশা করা হচ্ছে যে, এই কর্মসূচিটি গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত নর্থ কেনসিংটন ও গ্রেনফেল কমিউনিটির সদস্যদের অগ্নি নিরাপত্তা কোর্সে অংশগ্রহণ এবং লন্ডন ফায়ার ব্রিগেড ও অন্যান্য সংস্থায় অগ্নি নিরাপত্তা বিষয়ক কর্মজীবনে আবেদন করার সক্ষমতা বৃদ্ধি করবে। | **£300,000 5 বছরের বেশি** |
| 4 **ভবিষ্যতে মর্মান্তিক ঘটনা হ্রাস করা**<br>নির্মিত পরিবেশে সাংস্কৃতিক পরিবর্তনকে প্রভাবিত করার অংশ হিসেবে শিক্ষামূলক/অব্যাহত পেশাগত উন্নয়ন (CPD) উপকরণের উন্নয়ন (যার মধ্যে গ্রেনফেল মামলার ঘটনা অধ্যয়ন অন্তর্ভুক্ত থাকবে)। | **£300,000** |
| 5 **সম্ভাব্যতা সমীক্ষা**<br>গ্রেনফেল ক্যাচমেন্ট এলাকার মধ্যে যুব-কেন্দ্রিক একটি কমিউনিটি হাবের সম্ভাব্যতা ও স্থায়িত্ব মূল্যায়নের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (কোনো প্রতিশ্রুতি ছাড়া)। | **£60,000** |
| **আপৎকালীন ব্যবস্থা** – সম্ভাব্যতা সমীক্ষায় প্রকল্পটি অর্জনযোগ্য ও স্থিতিশীল বলে নির্ধারিত হলে কমিউনিটি হাবে যেকোনো সম্ভাব্য অবদান অন্তর্ভুক্ত করা এবং/অথবা কমিউনিটি কর্তৃক চিহ্নিত অগ্রাধিকার অনুযায়ী তা পুনর্বন্টন করা। | **£1,090,000** |
| **মোট** | **£8.25 মিলিয়ন** |

# প্রোজেক্ট প্রস্তাবনা 1

## গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট অনুদান কর্মসূচি

এই প্রস্তাবনাটি একটি পাঁচ বছর মেয়াদী গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট অনুদান কর্মসূচির জন্য তিনটি পৃথক ধারাকে অন্তর্ভুক্ত করে।

## প্র2: ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদানের জন্য সহায়তা

এই ধারার আওতায় গ্রেনফেল টাওয়ারের অগ্নিকাণ্ডে নিহতদের ঘনিষ্ঠ পরিবারের সদস্যদেরকে, তাদের কাছে অর্থবহ ব্যক্তিগত স্মৃতি-প্রকল্পগুলোকে সমর্থন করার জন্য প্রকল্প-ভিত্তিক অনুদান প্রদান করা হবে।

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

○ দৃঢ়ভাবে সম্মত ○ সম্মত ○ সম্মত বা অসম্মত কোনোটাই নয় ○ অসম্মত ○ দৃঢ়ভাবে অসম্মত

## প্র3: ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদানের বিষয়ে মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

## প্র4: গ্রেনফেল অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত তরুণ-তরুণীদের জন্য সহায়তা

তরুণ-তরুণীরা আবেদন করার যোগ্য হতে পারেন যদি তারা নিম্নলিখিত শর্তগুলির মধ্যে একটি পূরণ করেন: ক) গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সময় যাদের বয়স ছিল 16-25 বছর এবং তারা অগ্নিকাণ্ডের তারিখে নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ ছিলেন; অথবা খ) প্রকল্পটি বাস্তবায়নের সময় তাদের বয়স 30 বছর বা তার কম রয়েছে, তাদের বিশেষ চাহিদা* রয়েছে এবং তারা নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির বাসিন্দা।
*অতিরিক্ত চাহিদার মধ্যে রয়েছে প্রতিবন্ধকতা, ব্যক্তিগত চ্যালেঞ্জ বা সমস্যা।

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

- ◯ দৃঢ়ভাবে সম্মত
- ◯ সম্মত
- ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ◯ অসম্মত
- ◯ দৃঢ়ভাবে অসম্মত

## প্র5: তরুণ-তরুণীদের জন্য অনুদানের বিষয়ে মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

## প্র6: কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদানের জন্য সহায়তা

এই ধারাটি গ্রেনফেলের ঘটনায় অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীগুলিকে সহায়তা প্রদানকারী সংস্থাগুলিকে অনুদান দেবে, পাশাপাশি তৃণমূল পর্যায়ে গ্রেনফেল বার্ষিকী কার্যক্রমের জন্যও অর্থায়ন করবে।

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

- ◯ দৃঢ়ভাবে সম্মত
- ◯ সম্মত
- ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ◯ অসম্মত
- ◯ দৃঢ়ভাবে অসম্মত

## প্র7: কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদান সম্পর্কে প্রতিক্রিয়া

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

## প্র৪: অনুদান কর্মসূচির সামগ্রিক বরাদ্দ

প্রস্তাব করা হচ্ছে যে, অনুদান কর্মসূচির তিনটি ধারা মোট তহবিলের £5 মিলিয়নের প্রতিনিধিত্ব করবে:

A. **ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদান** – **£3 মিলিয়ন**
নিহত ব্যক্তির ঘনিষ্ঠ পরিবারের সদস্যের জন্য।

B. **গ্রেনফেল অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত তরুণদের জন্য অনুদান** – **£1 মিলিয়ন**
নিম্নলিখিত শর্তগুলোর মধ্যে যে কোনো একটি পূরণ করলে তরুণ-তরুণীরা আবেদন করার যোগ্য হতে পারেন:

**a)** গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের সময় যাদের বয়স ছিল 16–25 বছর এবং অগ্নিকাণ্ডের তারিখে যারা নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির অংশ ছিলেন;

অথবা

**b)** প্রকল্পটি বাস্তবায়নের সময় 30 বছর বা তার কম বয়সী, অতিরিক্ত চাহিদা* সম্পন্ন এবং নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল কমিউনিটির বাসিন্দা তরুণ-তরুণী।

(*অতিরিক্ত চাহিদার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিবন্ধকতা নিয়ে বসবাস করা, সামাজিক বা ব্যক্তিগত চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া, অথবা সমস্যার মধ্য দিয়ে যাওয়া।)

C. **কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদান** – **£1 মিলিয়ন**
গ্রেনফেলের ঘটনায় অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীগুলোকে সহায়তা প্রদানকারী সংস্থাগুলি এবং গ্রেনফেল বার্ষিকী উপলক্ষে তৃণমূল পর্যায়ের কার্যক্রমের জন্য অর্থায়ন।

**আপনি কি মনে করেন যে এই তিনটি ক্ষেত্রের মধ্যে তহবিল বণ্টনের পদ্ধতিটি মোটামুটিভাবে যথাযথ হয়েছে?**

- ◯ দৃঢ়ভাবে সম্মত
- ◯ সম্মত
- ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ◯ অসম্মত
- ◯ দৃঢ়ভাবে অসম্মত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন।

# প্রোজেক্ট প্রস্তাবনা 2

## পাঁচ বছর মেয়াদী আবাসিক ও দিবা কার্যক্রম কর্মসূচি

এই প্রস্তাবনাটি নর্থ কেনসিংটন এবং/অথবা গ্রেনফেল এলাকার 11-15 বছর বয়সী তরুণ-তরুণীদের ব্যক্তিগত বিকাশ, আত্মবিশ্বাস এবং জীবন দক্ষতা বিকাশে সহায়তা করার জন্য একটি পাঁচ বছর মেয়াদী আবাসিক ও দিবা কার্যক্রম কর্মসূচি। এটি প্রাসঙ্গিক অভিজ্ঞতাসম্পন্ন স্থানীয় সংস্থাগুলোর একটি কনসোর্টিয়াম দ্বারা পরিকল্পনা ও বাস্তবায়ন করা হবে।

## প্র9: আবাসিক ও দিবা কার্যক্রম কর্মসূচির জন্য সহায়তা

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

- ○ দৃঢ়ভাবে সম্মত
- ○ সম্মত
- ○ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ○ অসম্মত
- ○ দৃঢ়ভাবে অসম্মত

## প্র10: আবাসিক ও দিবা কার্যক্রম কর্মসূচির বিষয়ে মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

# প্রোজেক্ট প্রস্তাবনা 3

## অগ্নি নিরাপত্তা প্রশিক্ষণ এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচি

নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার অগ্নি নিরাপত্তা ক্ষেত্রে কর্মজীবন গড়তে আগ্রহী ব্যক্তিদের সহায়তা করার জন্য একটি পাঁচ বছরব্যাপী প্রচারমূলক কর্মসূচি। সচেতনতা ও সুযোগ প্রসারের জন্য এটি একটি বার্ষিক কর্মসূচি হবে, যেখানে লক্ষ্যভিত্তিক কর্মশালার আয়োজন করা হবে এবং প্রাসঙ্গিক অগ্নি নিরাপত্তা যোগ্যতার জন্য অর্থায়ন করা হবে।

এই প্রচারমূলক কার্যক্রমগুলোর লক্ষ্য হলো অগ্নি সুরক্ষায় কর্মজীবনের সুযোগ বৃদ্ধি এবং তা অর্জনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং তথ্য, নির্দেশনা ও সহায়তা প্রদান করা। প্রতি বছর 12 জন ব্যক্তি লন্ডন ফায়ার ব্রিগেডের অভিজ্ঞ সুরক্ষা বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত ধারাবাহিক কর্মশালায় (6) অংশগ্রহণ করতে পারবেন।

কর্মশালার সেশনগুলো বাইরে থেকে আসা প্রশিক্ষণ প্রদানকারীদের দ্বারা পরিচালিত লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেটের জন্য আবেদন করতে ব্যবহারিক পরামর্শ, কর্মজীবনের অন্তর্দৃষ্টি এবং সহায়তা প্রদান করবে। এছাড়াও এই সেশনগুলো লন্ডন ফায়ার ব্রিগেড এবং অন্যান্য সংস্থায় অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রাথমিক স্তরের পদে আবেদনের জন্য সহায়তা ও পরামর্শও প্রদান করবে।

এই সহায়তার খরচ এবং লেভেল 3 ফায়ার সেফটি সার্টিফিকেট যোগ্যতার ব্যয় গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট থেকে সম্পূর্ণরূপে অর্থায়ন করা হবে।

আশা করা হচ্ছে যে, এই কর্মসূচিটি গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত নর্থ কেনসিংটন ও গ্রেনফেল কমিউনিটির সদস্যদের অগ্নি নিরাপত্তা কোর্সে অংশগ্রহণ এবং লন্ডন ফায়ার ব্রিগেড ও অন্যান্য সংস্থায় অগ্নি নিরাপত্তা বিষয়ক কর্মজীবনে আবেদন করার সক্ষমতা বৃদ্ধি করবে।

## প্র11: অগ্নি নিরাপত্তা বিষয়ক যোগ্যতা এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচিতে সহায়তা।

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

- ◯ দৃঢ়ভাবে সম্মত
- ◯ সম্মত
- ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ◯ অসম্মত
- ◯ দৃঢ়ভাবে অসম্মত

## প্র12: অগ্নি নিরাপত্তা বিষয়ক যোগ্যতা এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচির উপর মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

# প্রোজেক্ট প্রস্তাবনা 4

## ভবিষ্যতের মর্মান্তিক ঘটনা হ্রাস করা

নর্থ কেনসিংটন ও গ্রেনফেল এলাকার অগ্নি নিরাপত্তা ক্ষেত্রে কর্মজীবন গড়তে আগ্রহী ব্যক্তিদের সহায়তা করার জন্য একটি পাঁচ-বছরের প্রচারমূলক কর্মসূচি। এই প্রস্তাবটির লক্ষ্য হলো নির্মিত পরিবেশ খাতে সাংস্কৃতিক পরিবর্তনের মাধ্যমে ভবিষ্যতের মর্মান্তিক ঘটনা হ্রাস করা। এটি নির্মিত পরিবেশে পেশাদারদের জন্য গ্রেনফেলের কেসটির ঘটনা-ভিত্তিক গবেষণা অন্তর্ভুক্ত করে শিক্ষামূলক এবং চলমান পেশাগত উন্নয়ন (CPD) উপকরণ তৈরি করবে।

## প্র13: নির্মিত পরিবেশ শিক্ষামূলক উপকরণের জন্য সহায়তা

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

◯ দৃঢ়ভাবে সম্মত ◯ সম্মত ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয় ◯ অসম্মত ◯ দৃঢ়ভাবে অসম্মত

## প্র14: নির্মিত পরিবেশ শিক্ষামূলক উপকরণের উপর মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

# প্রোজেক্ট প্রস্তাবনা 5

## সম্ভাব্যতা সমীক্ষা

এই প্রস্তাবটি হলো গ্রেনফেল ক্যাচমেন্ট এলাকার মধ্যে যুব-কেন্দ্রিক একটি কমিউনিটি হাবের সম্ভাব্যতা ও স্থায়িত্ব মূল্যায়নের জন্য একটি স্বাধীন সম্ভাব্যতা সমীক্ষা (কোনো প্রতিশ্রুতি ছাড়া) পরিচালনার ব্যবস্থা করা।

## প্র15: কমিউনিটি হাব সম্ভাব্যতা সমীক্ষার জন্য সমর্থন

**আপনি এই প্রস্তাবটির সাথে কতটা সম্মত বা অসম্মত আছেন?**

- ◯ দৃঢ়ভাবে সম্মত
- ◯ সম্মত
- ◯ সম্মত বা অসম্মত কোনোটাই নয়
- ◯ অসম্মত
- ◯ দৃঢ়ভাবে অসম্মত

## প্র16: কমিউনিটি হাব সম্ভাব্যতা সমীক্ষার উপর মতামত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন। আমরা বিশেষভাবে জানতে আগ্রহী যে, এই প্রস্তাবনাটির কোন দিকগুলো আপনার ভালো লেগেছে, আপনার কোনো উদ্বেগ আছে কিনা এবং এমন কোনো পরামর্শ আছে কিনা যা এটিকে আরও কার্যকর বা অধিক প্রভাবশালী করে তুলবে।

# প্রোজেক্ট তহবিল বরাদ্দ

## প্র17: প্রোজেক্টের তহবিলের সামগ্রিক বরাদ্দ

প্রোজেক্টের তহবিল নিম্নোক্তভাবে বরাদ্দ করার প্রস্তাব করা হচ্ছে:

- **£1.5 মিলিয়ন** 11-15 বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য আবাসিক ও দিবাকালীন কার্যক্রম
- **£300,000** অগ্নি নিরাপত্তা বিষয়ক যোগ্যতা এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচি
- **£300,000** শিক্ষামূলক সংস্থানগুলি (অন্তর্ভুক্ত গ্রেনফেল কেস সমীক্ষাগুলি সহ)
- **£60,000** একটি কমিউনিটি হাব সম্ভাব্যতা সমীক্ষা।

**আপনি কি মনে করেন যে উপরোক্ত ক্ষেত্রগুলোতে তহবিল বণ্টনের পদ্ধতিটি মোটামুটিভাবে যথাযথ?**

○ দৃঢ়ভাবে সম্মত ○ সম্মত ○ সম্মত বা অসম্মত কোনোটাই নয় ○ অসম্মত ○ দৃঢ়ভাবে অসম্মত

আপনি যদি আপনার উত্তরটি আরও বিশদভাবে ব্যাখ্যা করতে চান, তাহলে নিচের জায়গাটি ব্যবহার করুন।

# অতিরিক্ত মতামতগুলি

## প্র18: ব্যয় না হওয়া তহবিলের ব্যবহার (যেমন আপৎকালীন বাজেট)

যদি কোনো তহবিল অব্যয়িত থেকে যায় (উদাহরণস্বরূপ, যদি কমিউনিটি হাবের সম্ভাব্যতা সমীক্ষায় প্রোজেক্টটি অকার্যকর বলে নির্ধারিত হয়), তাহলে সেই তহবিল পুনর্বণ্টনের জন্য আপনি কোন ক্ষেত্র(গুলো)-কে অগ্রাধিকার দেবেন?

**অনুগ্রহ করে আপনার তিনটি শীর্ষ পছন্দ নির্বাচন করুন**

- ◯ ব্যক্তিগত স্মৃতি সংক্রান্ত অনুদান (ঘনিষ্ঠ পরিবারের সদস্যরা)
- ◯ গ্রেনফেলের অনুদান দ্বারা প্রভাবিত তরুণ-তরুণীরা
- ◯ কমিউনিটির স্থিতিস্থাপকতা অনুদান
- ◯ আবাসিক ও দিবাকালীন কার্যক্রম (বয়স 11-15)
- ◯ অগ্নি নিরাপত্তা বিষয়ক যোগ্যতা এবং কর্মজীবনের সুযোগ প্রদানের জন্য প্রচারমূলক কর্মসূচি
- ◯ নির্মিত পরিবেশের শিক্ষাগত সংস্থানগুলি
- ◯ অন্যান্য (অনুগ্রহ করে উল্লেখ করুন)

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

**অনুগ্রহ করে নিশ্চিত করুন যে পরামর্শ সংক্রান্ত প্রশ্নাবলীর ক্ষেত্রে এটিই আপনার একমাত্র উত্তর।**

○ **হ্যাঁ, এটাই আমার একমাত্র উত্তর।**

## প্র19: আপনি কি আমাদের আর কিছু বলতে চান?

গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের প্রস্তাবনাগুলো সম্পর্কে আপনার কোনো অতিরিক্ত ভাবনা, উদ্বেগ বা পরামর্শ জানাতে অনুগ্রহ করে এই জায়গাটি ব্যবহার করুন।

## সমতার নজরদারি

গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সকলের পূর্ণ অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

প্রশ্নমালার এই অংশটি **ঐচ্ছিক,** এবং **সমস্ত উত্তরে নাম অপ্রকাশিত থাকবে**। তবে, নিম্নলিখিত অংশটি পূরণ করার মাধ্যমে, আপনি আমাদের বুঝতে সাহায্য করবেন যে, আমরা কাদের কাছে পৌঁছাচ্ছি এবং কীভাবে নর্থ কেনসিংটন ও গ্রেনফেল কমিউনিটিকে আরও ভালোভাবে পরিষেবা দেওয়া যায়। সুরক্ষিত বৈশিষ্ট্যসম্পন্ন বিভিন্ন গোষ্ঠীর মতামত বুঝতে আমাদের সাহায্য করার জন্য আমরা এই তথ্যগুলো আপনার উত্তরের সাথে মিলিয়ে দেখব।

অনুগ্রহ করে প্রতিটি প্রশ্নে **একটি** অপশনে টিক চিহ্ন দিন।

### প্র20: আপনি কোন বয়স বিভাগে পড়েন?

- ◯ অনূর্ধ্ব 16
- ◯ 16–18
- ◯ 19–24
- ◯ 25–34
- ◯ 35–44
- ◯ 45–54
- ◯ 55–64
- ◯ 65–79
- ◯ 80+
- ◯ বলতে চাই না

### প্র21: আপনার লিঙ্গ কী?

- ◯ স্ত্রী
- ◯ পুরুষ
- ◯ বলতে চাই না

### প্র22: আপনার লিঙ্গ পরিচয় কি আপনার জন্মগত লিঙ্গের অনুরূপ?

- ◯ হ্যাঁ
- ◯ না
- ◯ বলতে চাই না

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

## প্র23: অনুগ্রহ করে সেই অপশনটি নির্দেশ করুন যা আপনার যৌন অভিমুখকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে।

- ◯ বিপরীতকামী
- ◯ পুরুষ সমকামী
- ◯ মহিলা সমকামী
- ◯ উভকামী
- ◯ উপরে কোনোটিই নয়
- ◯ বলতে চাই না

## প্র24: অনুগ্রহ করে জানান আপনি গর্ভবতী কিনা অথবা মাতৃত্বকালীন/ পিতৃত্বকালীন ছুটিতে আছেন কিনা।

| | | |
|---|---|---|
| গর্ভবতী | ◯ হ্যাঁ | ◯ না |
| মাতৃত্বকালীন ছুটি | ◯ হ্যাঁ | ◯ না |
| পিতৃত্বকালীন ছুটি | ◯ হ্যাঁ | ◯ না |

## প্র25: অনুগ্রহ করে নির্দেশ করুন যে, কোন অপশনটি আপনার ধর্ম বা বিশ্বাসকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে।

- ◯ নাস্তিক
- ◯ বৌদ্ধ
- ◯ খ্রীস্টান (সমস্ত ধারার)
- ◯ হিন্দু
- ◯ ইহুদি
- ◯ মুসলিম
- ◯ কোনো ধর্ম নেই
- ◯ শিখ
- ◯ অন্য কোনো ধর্ম (অনুগ্রহ করে উল্লেখ করুন)

  ______________________________
- ◯ বলতে চাই না

## প্র26: অনুগ্রহ করে আপনার জাতিসত্তা/জাতিগত মূলের সবচেয়ে উপযুক্ত বর্ণনাটি নির্বাচন করুন।

- এশীয়/এশীয় ব্রিটিশ (পাকিস্তানি/বাংলাদেশী/ভারতীয়)
- এশীয়/এশীয় ব্রিটিশ – অন্যান্য এশীয় পটভূমি (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- কৃষ্ণাঙ্গ বা কৃষ্ণাঙ্গ ব্রিটিশ: ক্যারিবিয়ান
- কৃষ্ণাঙ্গ বা কৃষ্ণাঙ্গ ব্রিটিশ: আফ্রিকান
- অন্যান্য কৃষ্ণাঙ্গ পটভূমি (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- চীনা
- মধ্যপ্রাচ্যের: আরব/পার্সিয়ান/তুর্কী
- মধ্য প্রাচ্যের: উত্তর আফ্রিকান
- মধ্যপ্রাচ্যের: অন্যান্য জাতিগত পটভূমি (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- মিশ্র: শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ ক্যারিবিয়ান
- মিশ্র: শ্বেতাঙ্গ এবং কৃষ্ণাঙ্গ আফ্রিকান
- মিশ্র: শ্বেতাঙ্গ এবং এশীয়
- মিশ্র: শ্বেতাঙ্গ এবং মধ্যপ্রাচ্যের
- মিশ্র: অন্য কোনো মূল (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- শ্বেতাঙ্গ: ইউরোপীয়ান/পূর্ব ইউরোপীয়ান
- শ্বেতাঙ্গ: ইংরেজি/ওয়েলশ/স্কটিশ/ উত্তর আইরিশ/ব্রিটিশ
- শ্বেতাঙ্গ: আইরিশ
- শ্বেতাঙ্গ: অন্য কোনো শ্বেতাঙ্গ পটভূমি (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- উপরে উল্লেখ করা হয়নি এমন অন্যান্য জাতিগত পটভূমি (অনুগ্রহ করে উল্লেখ করুন)
- বলতে চাই না

## প্র27: আপনি কি নিজেকে প্রতিবন্ধী বলে মনে করেন?

- হ্যাঁ
- না
- বলতে চাই না

# আনুষ্ঠানিক পরামর্শ প্রশ্নাবলীর জন্য প্রস্তাবনা

## এই পরামর্শ বৈঠকে অংশগ্রহণের জন্য আপনাকে ধন্যবাদ।

আপনার মতামত গুরুত্বপূর্ণ এবং তা গ্রেনফেল মেমোরি প্রোজেক্টের চূড়ান্ত রূপ দিতে সাহায্য করবে। এই প্রস্তাবনাগুলোকে আরও উন্নত করার সময় সকল মতামত যত্ন সহকারে বিবেচনা করা হবে।

এই পরামর্শ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

টেলি: **07385 382 580**

ইমেইল: **grenfell.engagement@london-fire.gov.uk**

## পূরণকৃত প্রশ্নপত্রটি এখানে পাঠান:

Grenfell Memory Project
London Fire Brigade
169 Union Street
London SE1 0LL

অনুরোধ সাপেক্ষে ফ্রিপোস্ট (FREEPOST) খাম পাওয়া যায়।

## অনলাইনে প্রশ্নাবলী পূরণ করা

আপনি যদি এর পরিবর্তে অনলাইনে প্রশ্নাবলীটি পূরণ করতে চান, তাহলে অনুগ্রহ করে এখানে যান:
**london-fire.gov.uk/gmp-consultation**
অথবা এই QR **কোডটি স্ক্যান করুন:**

## আরও জানুন

গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট সম্পর্কে সম্পূর্ণ তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন অথবা এখানে আসুন:
london-fire.gov.uk/memory-project/

## নিয়মিত আপডেট পান

আমাদের গ্রেনফেল মেমোরি প্রোজেক্ট মেইলিং লিস্টে সাইন আপ করুন – QR **কোডটি স্ক্যান করুন**

LFB
LONDON FIRE BRIGADE